

# বাংলাদেশ বিষয়াবলি

## কৃষি, শিল্প, অর্থনীতি

বিগত বছরের প্রশ্ন সলভ

## কোন দেশ কত উন্নত, তা বোঝা যায় কোনটি বিবেচনা করে?

ক) দেশের আয়তন

খ) মাথাপিছু বিদ্যুৎশক্তির ব্যবহার

গ) দেশের প্রাকৃতিক সম্পদ

ঘ) দেশের ভৌগোলিক অবস্থান

- কোনো দেশের **উন্নয়নমান** নির্ধারণের একটি গুরুত্বপূর্ণ সূচক হলো **প্রতি ব্যক্তির বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ** (Per capita electricity consumption)।
- এটি দেখায়, সেই দেশের মানুষ কতটা **শিল্পায়িত**, **প্রযুক্তিনির্ভর**, এবং **জীবনমান উন্নত**।
- আয়তন বা ভৌগোলিক অবস্থান উন্নয়নের সরাসরি সূচক নয়, আবার প্রাকৃতিক সম্পদ থাকলেও তা সঠিকভাবে ব্যবহৃত না হলে উন্নয়ন ঘটে না।

# পাটের জীবন রহস্য উন্মোচনকারী দলের নেতা কে ছিলেন?

ক) ফরিদুল আলম খ) মাকসুদুল আলম গ) শহীদুল আলম ঘ) মোঃ জলিল

- তোষা পাটের (*Corchorus olitorius*) জীবন রহস্য উন্মোচনকারী দলের নেতা ছিলেন জিনতত্ত্ববিদ **মাকসুদুল আলম**। তাঁর নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এবং ডাটাসফটের একদল গবেষক ২০১০ সালে পাটের জিন নকশা উন্মোচন করেন।

## বাংলাদেশের জ্বালানি তৈল শোধনাগারটি অবস্থিত—

ক) ঢাকা খ) চট্টগ্রাম গ) খুলনা ঘ) সিলেট

- বাংলাদেশের একমাত্র সরকারি জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি লিমিটেড চট্টগ্রামে, পতেঙ্গা এলাকায় অবস্থিত। এটি কর্ণফুলী নদীর তীরে অবস্থিত এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান।
- ১৯৬৮ সাল থেকে উৎপাদন শুরু হয়।

# বাংলাদেশের কোন বনভূমি শালবৃক্ষের জন্য বিখ্যাত?

ক) সিলেটের বনভূমি খ) ভাওয়াল ও মধুপুরের বনভূমি

গ) পার্বত্য চট্টগ্রাম ঘ) খুলনা–বরিশাল–পটুয়াখালী

- শালবন এক ধরনের বনভূমি যেখানে শালগাছ *Shorea robusta* মুখ্য উদ্ভিদ প্রজাতি।
- বাংলাদেশে মোট শালবন এলাকা প্রায় ১, ২১, ০০০ হেক্টর অর্থাৎ দেশের বনভূমির শতকরা প্রায় ৩২ ভাগ।
- শালবন দেশের মাত্র কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে ছড়ানো। বেশির ভাগ বনাঞ্চল রয়েছে গাজীপুর, টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায়। এ বনাঞ্চল **ভাওয়ালের গড় ও মধুপুরের গড়** নামে পরিচিত।



মধুপুর গড়
কিলোমিটার
বাংলাদেশ
জামালপুর
পুরাতন ব্রহ্মপুত্র নদ
ময়মনসিংহ
বানার নদী
কিশোরগঞ্জ
টাঙ্গাইল
ম ধু পু র গ ড়
লৌহজং নদী
গাজীপুর
শীতলক্ষ্যা নদী
তুরাগ নদী
ম ধু পু র গ ড়
নরসিংদী
ধলেশ্বরী নদী
মানিকগঞ্জ
বালু নদী
ঢাকা
নারায়ণগঞ্জ
ব্রাহ্মণবাড়িয়া
বুড়িগঙ্গা নদী
কুমিল্লা

# বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে—

ক) রানীগঞ্জ　　খ) বিজয়পুর　　গ) জামালগঞ্জ　　ঘ) জকিগঞ্জ

- বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে জয়পুরহাট জেলার **জামালগঞ্জে**। এটি বাংলাদেশের প্রথম আবিষ্কৃত কয়লা খনি।
- খনির গভীরতা: প্রায় এক কিলোমিটার।
- কয়লার প্রকার: উন্নতমানের হাই ভলাটাইল বিটুমিনাস কয়লা।
- মজুদ: প্রায় ১০০ কোটি মেট্রিক টন।

## বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ কোনটি?

ক) সাদামাটি খ) চুনাপাথর গ) কয়লা ঘ) গ্যাস

- বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ হলো - প্রাকৃতিক গ্যাস।
- প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান মিথেন।
- প্রাকৃতিক গ্যাস পেট্রোলিয়াম জাতীয় পদার্থ।
- গত দুই দশকে কোনো নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার না হওয়ায় আগামী ১০ বছরের মধ্যেই প্রাকৃতিক গ্যাসের মজুদ ফুরিয়ে যাওয়ার মতো অনিশ্চিত ভবিষ্যতের দিকে এগিয়ে চলেছে বাংলাদেশ।

# বাংলাদেশে তুলা চাষের জন্য সবচেয়ে উপযোগী জেলা কোনটি?

ক) রাজশাহী খ) যশোর

গ) রংপুর ঘ) ফরিদপুর

- তুলা চাষের জন্য যশোর অঞ্চল সবচেয়ে উপযোগী অঞ্চল, তবে তুলা উৎপাদনে শীর্ষ জেলা ঝিনাইদহ। (কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ, ২০২৪)




## বাংলাদেশের দীর্ঘতম গাছের নাম কী?

ক) বৈলাম   খ) অর্জুন

গ) মেহগনি   ঘ) ইউক্যালিপটাস

- বাংলাদেশের দীর্ঘতম বা সবচেয়ে উঁচু গাছের নাম হলো **বৈলাম**। এই গাছ সাধারণত ২৪০ ফুট পর্যন্ত লম্বা হতে পারে এবং চট্টগ্রাম ও রাঙামাটির পাহাড়ি অঞ্চলে এটি পাওয়া যায়।



# বাংলাদেশে চীনামাটির সন্ধান পাওয়া গেছে কোথায়?

ক) টেকেরহাট খ) রানীগঞ্জ গ) বিয়ানীবাজার ঘ) বিজয়পুর

- বাংলাদেশে সর্বপ্রথম চীনামাটির সন্ধান পাওয়া যায় নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার বিজয়পুরে। এটি আবিষ্কার হয় ১৯৫৭ সালে।
- বিজয়পুরে কিন্তু সরাসরি চীনামাটি পাওয়া যায়, তা না! বিজয়পুরের সাদামাটি (কেওলিন) একটি গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ, যা চীনামাটি তৈরিতে ব্যবহৃত হয়।

# বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয়?

ক) ময়মনসিংহ　　খ) টাঙ্গাইল　　গ) রংপুর　　ঘ) ফরিদপুর

- ফরিদপুর জেলায় সবচেয়ে বেশি পাট উৎপাদন হয়।
- এছাড়াও, টাঙ্গাইল, যশোর, ঢাকা, সিরাজগঞ্জ, বগুড়া এবং জামালপুর-এও পাটের উন্নত চাষ হয়।
- দুই ধরনের পাট বাংলাদেশে দেখতে পাওয়া যায়: *Corchorus capsularis* (সাদা পাট বা তিতা পাট) ও *Corchorus olitorius* (তোষা পাট বা মিঠা পাট)।

## বাংলাদেশ সরকার কোন সালে ‘জাতীয় পরিবেশ নীতি’ ঘোষণা করে?

ক) ১৯৯৫ খ) ১৯৯৭ গ) ২০০১ ঘ) ১৯৯২

- ১৯৯২ সালে বাংলাদেশ সরকার জাতীয় পরিবেশ নীতি ঘোষণা করেন। ১৯৮৯ সালের ৩ আগস্ট পরিবেশ ও বন মন্ত্রণালয় প্রতিষ্ঠা করে।
- ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন ২০১৩, বিপদজনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১, চিকিৎসা বর্জ্য বিধিমালা ২০০৮ প্রভৃতি। এছাড়াও রয়েছে পরিবেশের সাথে সম্পর্কিত জাতীয় কৃষি নীতি ২০১৩, জাতীয় মৎস্য নীতি ১৯৯৮, জাতীয় পানি নীতি ১৯৯৯, জাতীয় ভূমি ব্যবহার নীতি ২০০১, জাতীয় বন নীতি ১৯৯৪, জাতীয় শিল্প নীতি ২০১৫, জাতীয় টেকসই উন্নয়ন কৌশল ২০১৩ ও দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি ২০১৯।

# কর্ণফুলী পেপার মিলস কোথায় অবস্থিত?

ক) রাঙ্গামাটির চন্দ্রঘোনায় খ) সিলেটের ছাতকে

গ) পাবনার পাকশীতে ঘ) কুষ্টিয়ার জগতিতে

- কর্ণফুলী পেপার মিলস (KPM) বাংলাদেশের চট্টগ্রামের চন্দ্রঘোনায় কর্ণফুলী নদীর তীরে অবস্থিত। ১৯৫১ সালে প্রতিষ্ঠিত ও একটি রাষ্ট্রীয় মালিকানাধীন কাগজ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান।
- এই কাগজকলের প্রধান কাঁচামাল বাঁশ।
- এটি দেশের সর্ববৃহৎ কাগজ উৎপাদনকারী কোম্পানি।

# ‘রবিশস্য’ বলতে কী বোঝায়?

ক) গ্রীষ্মকালীন শস্য খ) বর্ষাকালীন শস্য

গ) শীতকালীন শস্য ঘ) যেকোনো সময়ের শস্য

- রবি শস্য হল শীতকালে চাষ করা হয় এবং বসন্তকালে কাটা হয় এমন ফসল। এই শস্যগুলি সাধারণত অক্টোবর-নভেম্বর মাসে বপন করা হয় এবং শীতের শেষে বা গ্রীষ্মের শুরুতে (মার্চ-এপ্রিল) সংগ্রহ করা হয়। রবি শস্যকে "শীতকালীন ফসল" বা "চৈতালি ফসল"ও বলা হয়। যেমন **গম, মসুর ডাল, যব, মটরশুটি এবং পেঁয়াজ**।

## বাংলাদেশের কোন গ্যাসক্ষেত্রটি আগুনে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে?

ক) তিতাস খ) বাখরাবাদ গ) টেংরাটিলা ঘ) পলাশ

- বাংলাদেশের সুনামগঞ্জের টেংরাটিলা গ্যাসক্ষেত্রটি আগুন লেগে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছিল। ২০০৫ সালে, কানাডীয় কোম্পানি নাইকো রিসোর্সেস পরিচালিত এই গ্যাসক্ষেত্রের একটি কূপ থেকে গ্যাস উত্তোলনের সময় দুই দফা বিস্ফোরণ ঘটে এবং ব্যাপক ক্ষতি হয়।

# বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন কত?

ক) ২৪০০ বর্গমাইল খ) ১৯৫০ বর্গমাইল গ) ১৭৬০ বর্গমাইল ঘ) ১২২৫ বর্গমাইল

- বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন হলো প্রায় ৬,০১৭ বর্গ কিলোমিটার বা ২৪০০ বর্গ মাইল। পুরো সুন্দরবন অঞ্চলের মোট আয়তন প্রায় ১০,০০০ বর্গ কিলোমিটার, যার মধ্যে এই অংশটি বাংলাদেশে অবস্থিত।
- এটি বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন এবং বাংলাদেশের জাতীয় বন।
- এটি খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা জেলার অংশ নিয়ে গঠিত।

# বাংলাদেশের জাতীয় উদ্যান কোনটি?

ক) রমনা উদ্যান খ) বলধা গার্ডেন গ) বোটানিক্যাল গার্ডেন ঘ) সোহরাওয়ার্দী উদ্যান

- বর্তমানে বাংলাদেশে ১৯টি জাতীয় উদ্যান রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো: ভাওয়াল জাতীয় উদ্যান, মধুপুর জাতীয় উদ্যান, রামসাগর জাতীয় উদ্যান, কাপ্তাই জাতীয় উদ্যান, কুয়াকাটা জাতীয় উদ্যান, এবং নিঝুম দ্বীপ জাতীয় উদ্যান।
- প্রথম ভাওয়াল জাতীয় উদ্যান ও বৃহত্তম লাউয়াছড়া জাতীয় উদ্যান।

# সুন্দরবন কোন ধরনের বন?

ক) রেইন    খ) কনিফার

গ) ম্যানগ্রোভ    ঘ) কোনোটিই নয়

- সুন্দরবন এক ধরনের ম্যানগ্রোভ বন বা লবণাক্ত বনাঞ্চল। এটি পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন এবং এটি বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত।



## বাংলাদেশের একমাত্র কৃষি জাদুঘর কোথায় অবস্থিত?

ক) ঢাকা বিশ্ববিদ্যালয়

খ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

গ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিব কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

- বাংলাদেশের একমাত্র কৃষি জাদুঘরটি হলো **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ**-এ অবস্থিত। এটি দেশের কৃষি সম্পর্কিত ঐতিহ্য ও যন্ত্রপাতি সংরক্ষণের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র।

## বাংলাদেশের কয়টি জেলার সাথে ‘সুন্দরবন’ সংযুক্ত আছে? (৪৫তম বিসিএস)

ক) ৪ (চার) টি    খ) ৫ (পাঁচ) টি    গ) ৬ (ছয়) টি    ঘ) ৭ (সাত) টি

সুন্দরবনের বাঘ সাতারে খুব পটু


- বাগেরহাট*
- সাতক্ষীরা*
- খুলনা*
- বরগুনা
- পটুয়াখালী

# ইউরিয়া সারের কাঁচামাল কী?
# (৪৫তম বিসিএস)

ক) চুনাপাথর খ) ইলমেনাইট

গ) প্রাকৃতিক গ্যাস ঘ) চীনামাটি

- ইউরিয়া সারের প্রধান কাঁচামাল হলো অ্যামোনিয়া এবং কার্বন ডাই অক্সাইড। এই কাঁচামাল দুটিকে একটি নির্দিষ্ট প্রক্রিয়ার মাধ্যমে উচ্চ চাপে বিক্রিয়া ঘটিয়ে ইউরিয়া উৎপাদন করা হয়।
- মিথেন গ্যাস থেকে অ্যামোনিয়া তৈরি করা হয়।



## বাংলাদেশের বন গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত? (৪৫তম বিসিএস)

ক) রাজশাহী খ) কুমিল্লা গ) চট্টগ্রাম ঘ) গাজীপুর

বাংলাদেশের বন গবেষণা কেন্দ্রটি চট্টগ্রামের ষোলশহরে অবস্থিত। এটি বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (BFRI) নামে পরিচিত এবং এর প্রধান কার্যালয় সেখানেই অবস্থিত।

# দেশের কোন জেলায় সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ কেন্দ্র অবস্থিত? (৪৫তম বিসিএস)

ক) চট্টগ্রাম খ) ফেনী

গ) নরসিংদী ঘ)গাইবান্ধা

বাংলাদেশের সর্ববৃহৎ সৌরবিদ্যুৎ কেন্দ্র **গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ** উপজেলায় অবস্থিত। এটি 'তিস্তা সোলার পাওয়ার প্ল্যান্ট' নামে পরিচিত, যা অনাবাদী চরের প্রায় সাড়ে ছয়শ একর জমির উপর স্থাপন করা হয়েছে।



## বাংলাদেশের কয়লাসমৃদ্ধ জেলা কোনটি? (৪৩তম বিসিএস)

ক) সিলেট খ) কুমিল্লা গ) দিনাজপুর ঘ) রাজশাহী

- বাংলাদেশের কয়লা সমৃদ্ধ জেলা হলো দিনাজপুর। এই জেলাতেই বাংলাদেশের একমাত্র চালু কয়লা খনি, বড়পুকুরিয়া কয়লা খনি অবস্থিত।
- দিনাজপুর ছাড়াও রংপুর (খালাসপির), জয়পুরহাট (জামালগঞ্জ) এবং নওগাঁ (নিয়ামতপুর) জেলায় অন্যান্য কয়লা খনি আবিষ্কৃত হয়েছে, তবে সেগুলোর কার্যক্রম এখনো চালু হয়নি।

# বাংলাদেশে জুম চাষ হয় কোথায়? (৪৪তম বিসিএস)

ক) বান্দরবান　　খ) ময়মনসিংহ　　গ) রাজশাহী　　ঘ) দিনাজপুর

- বাংলাদেশে মূলত পার্বত্য চট্টগ্রামের তিনটি জেলা – **রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান-এ** জুম চাষ করা হয়। এই অঞ্চলে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠীদের জীবন-জীবিকার এটি একটি প্রধান অবলম্বন, যেখানে তারা পাহাড়ের ঢালে বন পুড়িয়ে জমিকে চাষের উপযোগী করে তোলে।
- **সল্ট চাষ** হলো টেকসই কৃষির একটি আধুনিক রূপ, যেখানে পাহাড়ি বা উঁচু এলাকার মাটিকে ধাপে ধাপে সাজিয়ে চাষযোগ্য করা হয়। SALT = Sloping Agricultural Land Technology।

## বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে? *(৪৪তম বিসিএস)*

ক) সিলেট খ) মৌলভীবাজার গ) পঞ্চগড় ঘ) চট্টগ্রাম

- বাংলাদেশের **মৌলভীবাজার** জেলার সর্বাধিক চা বাগান রয়েছে।
- শ্রীমঙ্গলে অবস্থিত চা বাগানগুলো বিশেষভাবে পরিচিত এবং 'চায়ের রাজধানী' হিসেবে খ্যাত।
- ১৭০টি চা বাগানের ৯০টি মৌলভীবাজারে অবস্থিত।

*https://teaboard.gov.bd/sites/default/files/files/teaboard.portal.gov.bd/notices/55315476_e344_4d0f_82f0_387bbb519a9c/2025-04-15-07-53-ac8a9e869b7c08b1c51d9f3a7063ee14.pdf*

## বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র কোনটি? *(৪৪তম বিসিএস)*

ক) সিলেট খ) মৌলভীবাজার গ) তিতাস ঘ) হবিগঞ্জ

- ১৯৬২ সালে আবিস্কৃত এবং ব্রাহ্মণবাড়িয়া জেলায় অবস্থিত তিতাস গ্যাসক্ষেত্রটি বাংলাদেশের সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র।
- ১৯৮১ সালে আবিস্কৃত বিয়ানীবাজার গ্যাসক্ষেত্রটি সিলেট জেলার বিয়ানীবাজারে অবস্থিত।
- ১৯৬৯ সালে আবিস্কৃত বাখরাবাদ গ্যাসক্ষেত্রটি কুমিল্লায় অবস্থিত।
- বাংলাদেশের একমাত্র সামুদ্রিক গ্যাসক্ষেত্র হলো সাঙ্গু । বর্তমানে এটি পরিত্যক্ত অবস্থায় রয়েছে।

# বাংলাদেশে জি-কে প্রকল্প একটি— *(৪৪তম বিসিএস)*

ক) জলবিদ্যুৎ প্রকল্প

খ) জল পরিবহন প্রকল্প

গ) নদী নিয়ন্ত্রণ প্রকল্প

ঘ) সেচ প্রকল্প

- গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প বা জি-কে প্রকল্প বাংলাদেশের অন্যতম বৃহৎ একটি সেচ প্রকল্প, যার আওতায় বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের ৪টি জেলা রয়েছে। যথা- কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মাগুরা এবং ঝিনাইদহ জেলা।



## নিম্নোক্ত কোন সালে কৃষিশুমারি অনুষ্ঠিত হয়নি? *(৪৩তম বিসিএস)*

ক) ১৯৭৭ খ) ২০০৮ গ) ২০১৫ ঘ) ২০১৯

- স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত মোট ৫ বার কৃষিশুমারি অনুষ্ঠিত হয়েছে।
- ১. সর্বপ্রথম ১৯৭৭ সালে।
- ২. ১৯৮৩-৮৪ অর্থবছরে।
- ৩. ১৯৯৬ সালে।
- ৪. ২০০৮ সালে।
- ৫. সর্বশেষ ২০১৯ সালে।

## ‘বলাকা’ কোন ফসলের একটি প্রকার? *(৪৩তম বিসিএস)*

ক) ধান খ) গম গ) পাট ঘ) টমেটো

- কিছু উচ্চ ফলনশীল গমের জাত হচ্ছে গৌবর, সৌরভ, কাঞ্চন বলাকা, আনন্দ, আকবর, বরকত, সওগাত, শতাব্দী, প্রদীপ বারি গম-২৫, বারি গম-২৬ ইত্যাদি।

- গম শর্ট টেকনিক:

আকবর বরকত ও কাঞ্চন সোনালিকে নিয়ে গম খেতে খেতে আনন্দে দোয়েল ও বলাকা পাখি ধরতে গেল।

## ‘ম্যানিলা’ কোন ফসলের উন্নত জাত? *(৪৩তম বিসিএস)*

ক) তামাক	খ) পেয়ারা	গ) তরমুজ	ঘ) তুলা

- বাংলাদেশে সবচেয়ে বেশি **তামাক** উৎপাদন হয় বৃহত্তর কুষ্টিয়া জেলায়। তামাকের দুটো উন্নত জাত হলো সুমাত্রা ও ম্যানিলা।

## কোন বনাঞ্চল প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয়? *(৪৩তম বিসিএস)*

ক) পার্বত্য বন খ) শালবন গ) ম্যানগ্রোভ বন ঘ) মধুপুর বন

- যে বনাঞ্চল প্রতিনিয়ত লবণাক্ত পানি দ্বারা প্লাবিত হয় তা হলো ম্যানগ্রোভ বন।
- সমুদ্র উপকূলবর্তী এই বনভূমিগুলোতে জোয়ার-ভাটার কারণে লবণাক্ত পানি প্রবেশ করে এবং এটি লবণাক্ত পরিবেশে টিকে থাকার জন্য বিশেষভাবে অভিযোজিত।
- বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন হলো সুন্দরবন।

## বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র কোনটি? *(৪২তম বিসিএস বিশেষ)*

ক) হাতিয়া প্রণালি খ) মাতারবাড়ি গ) সাঙ্গু গ্যাসক্ষেত্র ঘ) জাফরাবাদ পয়েন্ট

- বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র হলো সাঙ্গু গ্যাসক্ষেত্র, যা ১৯৯৬ সালে আবিষ্কৃত হয় এবং ১৯৯৮ সাল থেকে জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ শুরু করে। এটি চট্টগ্রাম উপকূলের ৫০ কিলোমিটার দূরে বঙ্গোপসাগরে অবস্থিত ছিল এবং বর্তমানে এটি পরিত্যক্ত অবস্থায় আছে।

## ব্রিটিশ কৃষিবিপ্লব সংঘটিত হয়েছিল কখন? *(৪২তম বিসিএস বিশেষ)*

ক) ষোড়শ শতাব্দীতে খ) অষ্টাদশ শতাব্দীতে

গ) চতুর্দশ শতাব্দীতে ঘ) ঊনবিংশ শতাব্দীতে

- ব্রিটিশ কৃষি বিপ্লব সপ্তদশ শতাব্দীর মধ্যভাগ থেকে উনবিংশ শতাব্দীর মধ্যে সংঘটিত হয়েছিল, তবে এর মূল পর্যায়টি অষ্টাদশ শতাব্দীতেই ঘটেছিল। এই সময়ে নতুন কৃষি কৌশল, যেমন ভূমি ঘের (enclosure), নির্বাচিত প্রজনন (selective breeding), এবং নতুন ফসল (শালগম ও ক্লোভার) চাষের মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়।

## বাংলাদেশে প্রধান বীজ উৎপাদনকারী সরকারি প্রতিষ্ঠান কোনটি? *(৪২তম বিসিএস বিশেষ)*

ক) BARI খ) BRRI গ) BADC ঘ) BINA

- বাংলাদেশে প্রধান সরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হলো **বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC)**। এটি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা, যা উচ্চ ফলনশীল ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ, সরবরাহ এবং সেচ ব্যবস্থা পরিচালনা করে।
- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI), এবং বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA)-এর মতো প্রতিষ্ঠানগুলো গবেষণা ও উন্নত জাত উদ্ভাবনের সাথে জড়িত, তবে সরাসরি বীজ উৎপাদন ও সরবরাহের প্রধান দায়িত্ব BADC-এর।

## বাংলাদেশ খাদ্য ও কৃষি সংস্থা (FAO)-এর সদস্য হয় কত তারিখে? *(খাদ্য অধিদপ্তর, ২০২১)*

ক) ৯ মে ১৯৭৭ খ) ১২ নভেম্বর ১৯৭৩

গ) ৬ নভেম্বর ১৯৭২ ঘ) ১২ অক্টোবর ১৯৭৩

- বাংলাদেশ ১২ নভেম্বর, ১৯৭৩ তারিখে খাদ্য ও কৃষি সংস্থা (FAO)-এর সদস্যপদ লাভ করে।

## বাংলাদেশের জাতীয় বৃক্ষ কোনটি? *(পল্লী উন্নয়ন একাডেমি, ২০২১)*

ক) আম  খ) জাম  গ) কাঁঠাল  ঘ) লিচু

- ২০১০ সালে মন্ত্রিসভার বৈঠকে আম গাছকে জাতীয় বৃক্ষ হিসেবে ঘোষণা করা হয়
- জাতীয় উৎসব পহেলা বৈশাখ (বাংলা নববর্ষ)
- জাতীয় প্রতীক পানিতে ভাসমান শাপলা, দুপাশে ধানের শীষ ও চারটি তারকা

## ধান উৎপাদনে শীর্ষ দেশ কোনটি? *(বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ২০২১)*

ক) চীন খ) ভারত গ) ইন্দোনেশিয়া ঘ) ভিয়েতনাম

- ধান উৎপাদনে শীর্ষ দেশ চীন। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) হিসাব মতে, চীন বিশ্বের প্রায় ৩০% ধান উৎপাদন করে
- তালিকায় শীর্ষে থাকা দেশ হলো চীন, ভারত, বাংলাদেশ।

# সাম্প্রতিক কোন আবিষ্কারের ক্ষেত্রে বাংলাদেশ আন্তর্জাতিক পেটেন্ট অর্জন করেছে?

## *(প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, PEDP-4, ২০২০)*

ক) পাটের জিনতত্ত্ব খ) ধানের জিনতত্ত্ব

গ) হিগস-বোসন কণা ঘ) ডায়রিয়ার ভ্যাকসিন

- **পাটের আঁশের মান, দৈর্ঘ্য ও রোগ প্রতিরোধ ক্ষমতার জন্য দায়ী চারটি জিনের পেটেন্ট (কৃতিস্বত্ব) পেয়েছে বাংলাদেশ।**
- এ ছাড়া যেকোনো উদ্ভিদ বা ফল থেকে যাতে দ্রুত রস, জৈব জ্বালানি ও প্রসাধনী তৈরি করা যায়, সেই কাজেও সাফল্য পেয়েছেন ওই বিজ্ঞানী দল। এ জন্য তাঁরা একধরনের ছত্রাকের তিনটি জিন শনাক্ত করে সেগুলোর পেটেন্ট পেয়েছেন।
- বিশ্ববাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) নিয়ম অনুযায়ী এই উদ্ভাবন থেকে কোনো আয় হলে তার একটি অংশ বা রয়্যালটি বাংলাদেশকে দিতে হবে।

## বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত বিষয় কোন বিভাগ দেখে? *(২০২৪, ২য় ধাপ)*

ক) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ খ) পরিকল্পনা বিভাগ

গ) অর্থ বিভাগ ঘ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

বাংলাদেশ সরকারের বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত বিষয় **অর্থনৈতিক সম্পর্ক বিভাগ** (Economic Relations Division - ERD) দেখাশোনা করে, যা অর্থ মন্ত্রণালয়ের অধীনে একটি বিভাগ। এই বিভাগটি বৈদেশিক সাহায্য (ঋণ ও অনুদান), বিদেশি বিনিয়োগ এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের সাথে সম্পর্ক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে।

## জানা দরকার!

- অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে দুটি ভাগে বিভক্ত করে **রাজস্ব নীতি বিভাগ** এবং **রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ** নামে দুটি নতুন বিভাগ গঠন করা হয়েছে।
- ২০২৫ সালের একটি অধ্যাদেশের মাধ্যমে এই দুটি নতুন বিভাগ প্রতিষ্ঠা করা হয় এবং একই সাথে বিলুপ্ত করা হয় বিদ্যমান অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

## ‘সুনীল অর্থনীতি’ কোনটির সাথে সম্পর্কিত? *(২০২০, ২য় পর্যায়)*

ক) খনিজ সম্পদ খ) সমুদ্র সম্পদ গ) মৎস্য সম্পদ ঘ) বনজ সম্পদ

- সুনীল অর্থনীতি বা ব্লু-ইকোনমি হচ্ছে **সমুদ্রের সম্পদ নির্ভর অর্থনীতি**।
- সুনীল অর্থনীতি মৎস্য চাষ, জলজ চাষ, সমুদ্র পরিবহন, এবং সমুদ্রতলদেশের প্রাকৃতিক সম্পদ যেমন - লবণ, বালি, খনিজ, তেল ও গ্যাস আহরণের উপর জোর দেয়।

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র অবস্থিত— *(২০১৯, ২য় ধাপ)*

ক) পাবনা খ) রাজশাহী গ) চট্টগ্রাম ঘ) নাটোর

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র (Rooppur Nuclear Power Plant) হচ্ছে ২.৪ গিগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি পরিকল্পিত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র যা বাংলাদেশের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুর নামক স্থানে নির্মিত হচ্ছে।
- ২০২৪ সালের ফেব্রুয়ারিতে প্রকল্পের সময়সীমা দুই বছর বাড়িয়ে ২০২৭ সাল পর্যন্ত নির্ধারণ করা হয়।

- রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজ কমপ্লেক্সের আগুনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জন্য আনা বেশকিছু বৈদ্যুতিক সরঞ্জাম পুড়ে গেছে।



হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজ কমপ্লেক্সের আগুনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জন্য আনা সরঞ্জাম পুড়েছে

## বাংলাদেশের প্রথম EPZ কোথায় স্থাপিত হয়? *(২০১৯, ৪র্থ ধাপ)*

ক) নারায়ণগঞ্জ খ) ঢাকা গ) চট্টগ্রাম ঘ) খুলনা

- বাংলাদেশের প্রথম ইপিজেড 'চট্রগ্রাম ইপিজে' ১৯৮৩ সালে চট্রগ্রামের হালিশহরে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশের দ্বিতীয় ইপিজেড 'ঢাকা ইপিজেড' ঢাকার সাভারে ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়।
- বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) হলো বেপজা অর্থনৈতিক অঞ্চল, যা চট্টগ্রামের মিরসরাইয়ে অবস্থিত এবং ১,১৫০ একর জমির উপর নির্মিত।




# 'জীবনতরী' কী?

*(২০১৫, সেট-০১)*

ক) কাব্যগ্রন্থ   খ) সিনেমা   গ) ভাসমান হাসপাতাল   ঘ) সংগঠন

- উপকূলীয় এলাকা এবং চরাঞ্চলের মানুষের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের জন্য জীবনতরী/জীবন খেয়া নামে একটি ভাসমান হাসপাতাল চালু হয়েছে।

## বাংলাদেশ মেশিন টুলস কারখানা কোথায় অবস্থিত? *(২০১৩, কোড-ঝিলাম)*

ক) গাজীপুরে খ) টঙ্গীতে গ) কুষ্টিয়া ঘ) খুলনায়

- বাংলাদেশ মেশিন টুলস কারখানাটি **গাজীপুর**-এ অবস্থিত। এটি ঢাকা থেকে প্রায় ৪০ কিলোমিটার দূরে অবস্থিত এবং বাংলাদেশ সেনাবাহিনীর একটি সামরিক যন্ত্রাংশ উৎপাদনকারী প্রতিষ্ঠান।
- ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত হয়।

## কাঁচামাল হিসেবে আখের ছোবড়া ব্যবহৃত হয় কোথায়? *(২০১৩, কোড–মিসিসিপি)*

ক) কর্ণফুলী কাগজ কল, চন্দ্রঘোনা    খ) খুলনা নিউজপ্রিন্ট মিল, খালিশপুর

গ) উত্তরবঙ্গ কাগজ কল, পাকশী    ঘ) পার্টিকেল বোর্ড মিল, নারায়ণগঞ্জ

- পাবনা জেলার পাকশীতে অবস্থিত উত্তরবঙ্গ কাগজ কলে কাঁচামাল হিসেবে আখের ছোবড়া ব্যবহার করা হয়।
- বাংলাদেশে কর্ণফুলি কাগজ মিলে প্রধান কাঁচামাল হিসাবে ব্যবহার হয় বাঁশ।
- বাংলাদেশে খুলনা নিউজপ্রিন্ট মিলস্‌-এ কাঁচামাল হিসেবে গেওয়া/সুন্দরী কাঠ ব্যবহৃত হয়।

## বাংলাদেশ সরকারের কর-বহির্ভূত রাজস্ব কোনটি? *(২০১৮, স্থগিত ২০১৪)*

ক) টোল ও লেভি　　খ) সম্পূরক শুল্ক　　গ) বাণিজ্য শুল্ক　　ঘ) মূল্য সংযোজন কর

- বাংলাদেশ সরকারের কর-বহির্ভূত রাজস্বের মধ্যে রয়েছে সরকারি কর্পোরেশন ও কেন্দ্রীয় ব্যাংক থেকে প্রাপ্ত আয়, সম্পদ বিক্রি, জরিমানা, ফি এবং বিভিন্ন সেবা যেমন পর্যটন, ব্যাংকিং, এবং রেজিস্ট্রেশন ফি থেকে প্রাপ্ত অর্থ। এটি সরাসরি কর আদায় নয়, বরং সরকারের সম্পদ, সম্পত্তি বা সেবার বিনিময়ে অর্জিত অর্থ।
- টোল হল এক ধরণের রাজস্ব আয় যা বিশেষ সেবার জন্য দিতে হয়। যেমন: ব্রিজ, সেতু, কালভার্ট, ঘাট, হাট-বাজার প্রভৃতি থেকে সরকার আদায় করে। আর লেভি হলো- বিশেষ ধরনের রাজস্ব, যেমন কোনো বিশেষ প্রকল্প বা উদ্দেশ্য পূরণের জন্য আদায় করা হয়।

## বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি? *(২০১৫, সেট-০১)*

ক) বাংলাদেশ ব্যাংক খ) বিএসইসি গ) ডিএসই ঘ) অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়

- বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হলো বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)।
- ৮ জুন ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়।
- এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা।
- ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই)-এর মতো স্টক এক্সচেঞ্জগুলো বিএসইসি-র অধীনে কাজ করে এবং অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে সংযুক্ত।

## জিয়া (আশুগঞ্জ) সার কারখানায় উৎপাদিত সারের নাম কী? *(২০১৩, সুরমা)*

ক) অ্যামোনিয়া

খ) টিএসপি

গ) ইউরিয়া

ঘ) কোনোটিই নয়

| কারখানার নাম | অবস্থান | সারের নাম |
|---|---|---|
| শাহজালাল ফার্টিলাইজার কো.লি. | ফেঞ্চুগঞ্জ, সিলেট | ইউরিয়া |
| আশুগঞ্জ ফার্টিলাইজার কো. লি | আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া | ইউরিয়া |
| ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পাবলিক লিমিটেড কোম্পানী | পলাশ, নরসিংদী | ইউরিয়া |
| চট্টগ্রাম ইউরিয়া ফার্টিলাইজার কো.লি. | রাঙ্গাদিয়া, চট্টগ্রাম | ইউরিয়া |
| যমুনা কার্টিলাইজার কো. লি. | তারাকান্দি, জামালপুর | দানাদার ইউরিয়া |
| DAP কার্টিলাইজার কো.লি. | রাঙ্গাদিয়া, চট্টগ্রাম | অ্যামোনিয়াম ফসফেট |
| ট্রিপল সুপার ফসফেট কমপ্লেক্স লি. | পতেঙ্গা, চট্টগ্রাম | TSP, SSP |

## মূল্য সংযোজন কর (VAT) কত সালে চালু হয়? *(২০১৩, সুরমা)*

ক) ১৯৯১–৯২ খ) ১৯৯২–৯৩ গ) ১৯৯৩–৯৪ ঘ) ১৯৯৪–৯৫

- বাংলাদেশে মূল্য সংযোজন কর (মূসক) বা VAT চালু হয় ১লা জুলাই ১৯৯১। বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় আসে মূল্য সংযোজন কর থেকে। মূসক একটি পরোক্ষ কর।

## ঘোড়াশাল সার কারখানায় উৎপাদিত সারের নাম কী? *(২০১২, সুরমা)*

ক) ইউরিয়া　　খ) অ্যামোনিয়া　　গ) টিএসপি　　ঘ) সালফেট

- ঘোড়াশাল সার কারখানায় উৎপাদিত সারের নাম ইউরিয়া।
- ঘোড়াশাল সারকারখানা বাংলাদেশের অন্যতম বৃহৎ সারকারখানা। এটি নরসিংদী জেলার পলাশ উপজেলায় অবস্থিত। যোগাযোগ ব্যবস্থা ভাল হওয়ার জন্য দেশের অনেক অঞ্চলের সারের চাহিদা এ সারকারখানা পূরণ করে।
- দেশের ইউরিয়া সারের চাহিদা পূরণের লক্ষ্যে ১৯৭০ সালে নরসিংদী জেলার পলাশ উপজেলায় বার্ষিক ৩, ৪০, ০০০ মেঃ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরী লিঃ এবং ১৯৮৫ সালে বার্ষিক ৯৫, ০০০ মেঃ টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন পলাশ ইউরিয়া সার কারখানা স্থাপিত হয়।

## বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট (BRRI)-এর সদর দপ্তর কোথায়? *(২০১২, মেঘনা)*

ক) কুমিল্লা খ) গাজীপুর গ) দিনাজপুর ঘ) ময়মনসিংহ

- ঢাকা থেকে ৩৬ কিলোমিটার উত্তরে গাজীপুরের জয়দেবপুরে ১৯৭০ সালের ১ অক্টোবর পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট হিসেবে এর যাত্রা শুরু। ১৯৭১ সালে স্বাধীনতার পর এ প্রতিষ্ঠানের নতুন নামকরণ করা হয় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, যা বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট অ্যাক্ট, ১৯৭৩ অনুযায়ী প্রতিষ্ঠিত।



# বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর কে ছিলেন? *(২০১২, ক্রিসানথিমাম)*

ক) এ. এন. হামিদুল্লাহ

খ) মোহাম্মদ ফরাস উদ্দিন

গ) খোরশেদ আলম

ঘ) ফেরদৌস হোসেন

- বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর ছিলেন এ. এন. এম. হামিদুল্লাহ। তিনি ১৯৭২ সালের ১৮ জানুয়ারি এই দায়িত্ব গ্রহণ করেন এবং ১৯৭৪ সালের ১৮ নভেম্বর পর্যন্ত দায়িত্ব পালন করেন।
- আহসান এইচ মনসুর বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের ১৩তম গভর্নর।

AB Bank

## বাংলাদেশে প্রথম বেসরকারি ব্যাংক কোনটি? *(প্রা. সহ. শি. ২০১১, শাপলা)*

ক) ন্যাশনাল ব্যাংক
খ) আরব-বাংলাদেশ ব্যাংক (AB Bank)
গ) দি সিটি ব্যাংক
ঘ) আইএফআইসি ব্যাংক

বাংলাদেশে প্রথম বেসরকারি ব্যাংক হলো আরব-বাংলাদেশ ব্যাংক (এবি ব্যাংক) লিমিটেড। এটি ১৯৮১ সালের ৩১ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয় এবং ১৯৮২ সালের ১২ এপ্রিল বাণিজ্যিকভাবে কার্যক্রম শুরু করে।

## উপকূল হতে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা কত? *(প্রা. সহ. শি. ২০১০)*

ক) ২৫০ নটিক্যাল মাইল　　খ) ২২৫ নটিক্যাল মাইল

গ) ২০০ নটিক্যাল মাইল　　ঘ) ১৫০ নটিক্যাল মাইল

- উপকূল হতে বাংলাদেশের অর্থনৈতিক সমুদ্রসীমা হলো ২০০ নটিক্যাল মাইল।
- রাজনৈতিক সমুদ্রসীমা হলো ১২ নটিক্যাল মাইল।
- ৩৫৪ নটিক্যাল মাইল (যা প্রায় ৬৫৫ কিমি) বাংলাদেশের মহীসোপান সীমার অংশ।

১ নটিক্যাল মাইল = ১.১৫ মাইল বা ১.৮৫২ কিলোমিটার

# যমুনা সার কারখানাটি কোথায় অবস্থিত? *(প্রা. সহ. শি. ২০০৮, কংস)*




ক) জামালপুর খ) সিরাজগঞ্জ

গ) ময়মনসিংহ ঘ) টাঙ্গাইল

- যমুনা সার কারখানা বাংলাদেশের জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলার তারাকান্দিতে অবস্থিত।
- ১৯৮৯ সালে এই কারখানাটি প্রতিষ্ঠিত হয়।

## *'হোয়াইট গোল্ড' বলা হয়— (প্রা. সহ. শি. ২০০৫, চট্টগ্রাম বিভাগ)*

ক) কৃত্রিম স্বর্ণ খ) রৌপ্য গ) চিংড়ি মাছ ঘ) ইলিশ মাছ

- 'হোয়াইট গোল্ড' (সাদা সোনা) বলতে সাধারণত চিংড়িকে বোঝানো হয়, কারণ এটি বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্যগুলোর মধ্যে একটি এবং দেশের বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।
- "ব্ল্যাক গোল্ড" শব্দটি প্রধানত পেট্রোলিয়ামকে বোঝায়, যা তার উচ্চ বাণিজ্যিক গুরুত্বের কারণে "কালো সোনা" নামে পরিচিত।

## ট্রিপল সুপার ফসফেট (TSP) সার কারখানাটি কোথায় অবস্থিত? *(প্রা. সহ. শি. ২০০৫, খুলনা বিভাগ)*

ক) ঘোড়াশাল খ) আশুগঞ্জ গ) চট্টগ্রাম ঘ) কুষ্টিয়া

ট্রিপল সুপার ফসফেট (TSP) সার কারখানাটি চট্টগ্রামের পতেঙ্গায়, কর্ণফুলী নদীর তীরে অবস্থিত। এটি বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত সার উৎপাদনকারী প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স লিমিটেড এর একটি অংশ, যা বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের (বিসিআইসি) নিয়ন্ত্রণে রয়েছে।

## ‘e-TIN’ চালু করা হয় কত সালে? *(৪৫তম বিসিএস)*

ক) ২০১৩ সালে খ) ২০১৪ সালে গ) ২০১৫ সালে ঘ) ২০১৬ সালে

- 'ই-টিআইএন' চালু করা হয় ২০১৩ সালে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর ব্যবস্থার ডিজিটালাইজেশনের অংশ হিসেবে ১ জুলাই, ২০১৩ তারিখে এই অনলাইন নিবন্ধন ব্যবস্থা চালু করে।
- এনবিআরের ওয়েবসাইটে ঢুকে ক্লিক করে ১২ ডিজিটের ইলেকট্রনিক ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (**ই-টিআইএন**) সংগ্রহ **করা** যায়।


## বাংলাদেশের জিডিপিতে কোন খাতের অবদান সবচেয়ে বেশি? *(৪৪তম বিসিএস)*

ক) কৃষি

খ) শিল্প

গ) বাণিজ্য

ঘ) সেবা খাত



## বাংলাদেশের প্রথম কয়লানির্ভর বিদ্যুৎকেন্দ্র কোথায়? *(৪৪তম বিসিএস)*

ক) কাপ্তাই খ) সীতাকুন্ড গ) সাভার ঘ) বড়পুকুরিয়া, দিনাজপুর

- **বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র** বাংলাদেশের দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নে অবস্থিত একমাত্র কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র। এটি ২০০৬ সালে গড়ে ওঠে।
- প্রাথমিকভাবে ২৫০ মেগাওয়াট (দুটি ইউনিটে ১২৫ মেগাওয়াট করে) এবং পরে একটি নতুন ২৭৫ মেগাওয়াটের ইউনিট যুক্ত করা হয়েছে।

# বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন পুরোপুরি বন্ধ

দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের তিনটি ইউনিটের বিদ্যুৎ উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে গেছে, যার কারণে দেশের উত্তরাঞ্চলের শিল্প ও কৃষি ক্ষেত্রে তীব্র বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে।

## বাংলাদেশে কোনটি ব্যাংক নোট নয়? *(৪৩তম বিসিএস)*

ক) ২ টাকা খ) ১০ টাকা গ) ৫০ টাকা ঘ) ১০০ টাকা

- বাংলাদেশের মোট নোটের সংখ্যা ১০টি (১, ২, ৫ এবং ১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০, ১০০০)
- দেশের সরকারি নোট ৩টি(১, ২, ৫)
- বাংলাদেশের সরকারি নোটে সাক্ষর থাকে অর্থ সচিবের
- বাংলাদেশের ব্যাংক নোটে সাক্ষর থাকে গভর্নরের

# কিন্তু কেন!

- সরকারি নোট (যেমন ১, ২, ৫ টাকা) জারি করে অর্থ মন্ত্রণালয়।
- এগুলো খুব ছোট মূল্যমানের, তাই এর প্রভাব মুদ্রানীতিতে তেমন বড় নয়। (যখন মুদ্রানীতি অনুযায়ী নতুন নোট ছাপানো বা কমানোর দরকার হয়, তখন বড় নোটগুলো নিয়ে কাজ করা হয়)
- সরকার এই ছোট নোটগুলো জারি করে প্রাত্যহিক লেনদেন সহজ করার জন্য।
- এতে সরকারের রাজস্ব সংগ্রহ ও জনসেবামূলক কাজের খরচ কিছুটা সহজ হয়

## ‘সেকেন্ডারি মার্কেট’ সম্পর্কিত খাত কোনটি? *(৪৩তম বিসিএস)*

ক) শ্রম বাজার  খ) স্টক মার্কেট  গ) চাকরি বাজার  ঘ) কৃষি বাজার

- সেকেন্ডারি মার্কেট হলো এমন একটি বাজার, যেখানে **আগে ইস্যু করা শেয়ার বা বন্ড** আবার কেনাবেচা হয়।

অর্থাৎ—

নতুন কোনো শেয়ার এখানে ইস্যু হয় না; বরং **বিদ্যমান শেয়ার** বিনিয়োগকারীরা একে অপরের মধ্যে **লেনদেন করেন**। **তাই স্টক মার্কেট সেকেন্ডারি মার্কেট**।

# বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য কীভাবে রক্ষা হয়? (৪১তম বিসিএস)

ক) IDA ক্রেডিট
খ) IMF সহায়তা
গ) প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের মাধ্যমে
ঘ) বাজেটারি সহায়তা

- বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য মূলত আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) এর মতো আন্তর্জাতিক সংস্থার আর্থিক সহায়তা, বৈদেশিক মুদ্রার রিজার্ভ, এবং রপ্তানি ও আমদানির মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে রক্ষা করা হয়।

## বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে কবে?

*(৪৪তম বিসিএস)*

ক) ১ জুন ২০১৪ খ) ১ জুলাই ২০১৫

গ) ১ জুলাই ২০১৬ ঘ) ১ জুলাই ২০১৭

- বিশ্বব্যাংক **১ জুলাই ২০১৫** তারিখে বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে। ওই বছর বাংলাদেশের মাথাপিছু আয় $1,314 ডলার হওয়ায় এই তালিকা প্রকাশ করা হয়

## বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের চূড়ান্ত সুপারিশ লাভ করে কবে? *(পল্লী উন্নয়ন একাডেমি, ২০২১)*

ক) ২৬ ফেব্রুয়ারি ২০২১ খ) ১৮ মার্চ ২০২১

গ) ১৮ এপ্রিল ২০২১ ঘ) ৩১ জানুয়ারি ২০২১

- বাংলাদেশ ২০১৮ ও ২০২১ সালের ত্রিবার্ষিক মানদণ্ডের তিনটিতেই উত্তীর্ণ হয়। ২০২১ সালেই বাংলাদেশ চূড়ান্ত সুপারিশ পায় যে ২০২৪ সালে এলডিসি থেকে উত্তরণ হতে পারে বাংলাদেশ। ২০২৪ সালে এলডিসি থেকে বের হওয়ার কথা থাকলেও করোনার কারণে প্রস্তুতির জন্য আরও দুই বছর পিছিয়ে দেওয়া হয়।

## BSTI-এর পূর্ণরূপ কী? *(৪৪তম বিসিএস)*

ক) Bangladesh Salt Testing Institute

খ) Bangladesh Strategic Training Institute

গ) Bangladesh Standards and Testing Institution

ঘ) Bangladesh Society for Telecommunication and Information

BSTI-এর পূর্ণরূপ হলো **বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন** (Bangladesh Standards and Testing Institution)। এটি শিল্প মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত সরকারি সংস্থা, যা পণ্য ও সেবার মান নিয়ন্ত্রণ করে।

# কেমন পড়াই?

জানান টেলিগ্রামে, ফেসবুকে, মেসেজে, কমেন্টে।

